



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
www.dpe.gov.bd



স্মারক নং ওস.০১.০০০০.১৪৩.১১.০০৮.২০- ১৫২

তারিখঃ ০২ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ  
১৮ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

### নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরারবীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক” এর শূন্যপদে এবং জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিইডিপি-৪ এর আওতায় প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য রাজস্বখাতে সৃষ্ট “সহকারী শিক্ষক” পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১৩তম গ্রেডে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে (পার্বত্য তিন জেলা বাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ব্যতীত) নিম্নে উল্লিখিত নির্দেশনা/ শর্ত অনুযায়ী দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম      | বেতনক্রম   | বয়সসীমা  | শিক্ষাগত যোগ্যতা   |
|---------------|--|---|--|
| সহকারী শিক্ষক | বেতনস্কেল: টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | ২০ অক্টোবর ২০২০ তারিখে বয়স সর্বনিম্ন ২১ বৎসর এবং ২৫ মার্চ ২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর (মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ২৫ মার্চ ২০২০ তারিখে ৩২ বৎসর)। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। |

- (২) আগ্রহী প্রার্থীগণকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে ২৫ অক্টোবর ২০২০ (সকাল ১০:৩০ হতে) এবং শেষ হবে ২৪ নভেম্বর ২০২০ (রাত ১১:৫৯-এ)।
- (৩) <http://dpe.teletalk.com.bd> ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে Application Form পূরণের নির্দেশনা পাওয়া যাবে। উক্ত নির্দেশনা অনুসরণপূর্বক অনলাইনে Application Form পূরণ করে Submit করা হলে ওয়েবসাইট হতে প্রার্থীর User ID সহ Unpaid স্ট্যাটাস সম্পন্ন Draft Applicant's Copy তৈরি হবে যা প্রিন্ট করে আবেদনে প্রদত্ত তথ্য যাচাই করতে হবে।
- (৪) আবেদন ফি জমা দানের পূর্বে Draft Applicant's Copy একাধিকবার পড়ে প্রার্থী তার প্রদত্ত তথ্যের যথার্থতা সম্পর্কে নিশ্চিত হবেন। কোন ভুল পরিলক্ষিত হলে তার বিপরীতে আবেদন ফি জমা দেয়া যাবে না এবং এই বিজ্ঞপ্তির ৩নং অনুচ্ছেদ অনুসরণ করে নতুন করে Application Form সঠিক তথ্য দিয়ে পূরণপূর্বক নতুন User ID সংবলিত Unpaid স্ট্যাটাস সম্পন্ন Draft Applicant's Copy প্রিন্ট নিয়ে পুনরায় প্রদত্ত তথ্য যাচাই করতে হবে।
- (৫) নির্ভুলভাবে পূরণকৃত Application Form-এর বিপরীতে প্রদত্ত User ID ব্যবহার করে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে Draft Applicant's Copy-তে প্রদত্ত নির্দেশনা অনুসরণপূর্বক যেকোন টেলিটক প্রি-প্রেইড মোবাইল নম্বর হতে SMS-এর মাধ্যমে অফেরতযোগ্য ১০০.০০ (একশত) টাকা আবেদন ফি এবং টেলিটকের সার্ভিস চার্জ ১০.০০ (দশ) টাকাসহ একত্রে মোট ১১০.০০ (একশত দশ) টাকা পরিশোধ করতে হবে।
- (৬) আবেদন ফি পরিশোধের পরে আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে আবেদনকারীকে User ID-সহ একটি Password দেয়া হবে। এরপরে <http://dpe.teletalk.com.bd> ওয়েবসাইটের “Download Applicant's Copy” ট্যাবে ক্লিক করে মোবাইলে প্রাপ্ত User ID ও Password Submit করে Paid স্ট্যাটাস সম্পন্ন Final Applicant's Copy পাওয়া যাবে যা প্রিন্ট করে নিয়োগ প্রক্রিয়ার শেষাবধি আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে। কেবলমাত্র আবেদন ফি পরিশোধের পরেই আবেদনটি চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে এবং আবেদনে আর কোন তথ্য সংশোধন, সংযোজন, পরিমার্জন বা একই প্রার্থীর নতুনভাবে Application Form পূরণের সুযোগ থাকবে না।
- (৭) পরবর্তীতে লিখিত পরীক্ষার ব্যবস্থাদি চূড়ান্ত করার পর প্রত্যেক যোগ্য আবেদনকারীকে SMS-এর মাধ্যমে প্রবেশপত্র ডাউনলোডের লিংক প্রদান করা হবে যা ব্যবহার করে আবেদনকারী পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। User ID এবং Password পুনরুদ্ধারের প্রয়োজন হলে উক্ত লিংকে প্রার্থীর ব্যক্তিগত তথ্য দিয়ে পুনরুদ্ধার করা যাবে।
- (৮) আবেদনকারী যে উপজেলা/থানার স্থায়ী বাসিন্দা তার প্রার্থিতা উক্ত উপজেলা/থানার অনুকূলে নির্ধারিত থাকবে এবং তার নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদনুযায়ী নিয়ন্ত্রিত হবে। সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯-এ বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে নিজ উপজেলা/থানায় নিয়োগ দেয়া হবে।
- (৯) সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী মেধাক্রমানুসারে নির্বাচিত প্রার্থীদের দ্বারা প্রথমে (উপজেলা/থানাভিত্তিক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত ‘সহকারী শিক্ষক’ এর শূন্য পদসমূহ পূরণ করা হবে। মেধা তালিকার অবশিষ্ট প্রার্থী দ্বারা জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য রাজস্বখাতে সৃষ্ট ‘সহকারী শিক্ষক’ এর পদসমূহ পূরণ করা হবে।